

টাইম ট্রাভেল করাবে গুগল ম্যাপ

- A Monitor Desk Report

Date: 02 April, 2025



ঢাকা: টাইম ট্রাভেল বা সময় ভ্রমণ, এমন একটি ধারণা যা কল্পবিজ্ঞান সাহিত্যে প্রচলিত। অর্থাৎ এমন এক যন্ত্র, যা দিয়ে আপনি অতীতে ফিরে যেতে পারবেন, যেমন সম্রাট আকবরের রাজসভায় বা পিরামিড নির্মাণের মুহূর্তে।

যদিও এটি এখনও কল্পনা ছাড়া কিছু নয়, তবে গুগল আপনাকে অতীতের সময়গুলো অনুভব করার সুযোগ দিচ্ছে। বিশ্বাস না হলে, জেনে নিন বিস্তারিত।

গুগল সম্প্রতি একটি নতুন ফিচার চালু করেছে, যার মাধ্যমে আপনি অতীতের ছবি দেখতে পারবেন। এর জন্য আপনাকে গুগল ম্যাপ বা গুগল আর্থ অ্যাপটি খুলে লোকেশন সার্চ করতে হবে। তারপর লেয়ার অপশনে গিয়ে টাইম ল্যান্স সিলেক্ট করতে হবে। এতে আপনি দেখতে পারবেন, যেমন ১৯৩০ সালে বার্লিন, লন্ডন, প্যারিস কীভাবে ছিল।

এছাড়াও, গুগল তাদের স্ট্রিট ভিউ ফিচারে নতুন কিছু সংযুক্ত করেছে। এর মধ্যে গাড়ি ও ট্রাকারের তোলা ছবি অন্তর্ভুক্ত করা হয়েছে, যা সম্পূর্ণ ভিন্ন এক ভার্সিয়াল ভ্রমণের অভিজ্ঞতা দেবে। গুগল এখন পর্যন্ত ২৮০ বিলিয়নেরও বেশি ছবি যুক্ত করেছে, যার ফলে আপনি আরও গভীরভাবে স্থানগুলো এক্সপ্লোর করতে পারবেন।

-B